

ଜନ୍ମ ଓ ମୃତ୍ୟୁ ନିବନ୍ଧନ ବିଧିମାଳା, ୨୦୧୮
(ଫସଲୀ ପ୍ରସ୍ତାବ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখঃ -----, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক -----, ২০১৪ খ্রীষ্টাব্দ

এস আর ও নং ----- আইন/২০১৪।- জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

প্রথম অধ্যায়
সাধারণ

১। সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রয়োগ।- (১) এই বিধিমালা জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেই তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) “আইন” অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন);

(২) “আপিল কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২০ এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(৩) “আইসিডি-১০” অর্থ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত ইন্টারন্যাশনাল ক্লাসিফিকেশন অফ ডিজিজেস ভার্সন ১০;

(৪) “ইপিআই কার্ড” অর্থ সম্প্রসারিত টিকা কর্মসূচীর (Expanded Program for Immunization) আওতায় টিকা প্রদানের সময় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মী কর্তৃক ইস্যুকৃত কার্ড;

(৫) “কম্পিউটার কাউন্সিল” অর্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;

(৬) “চিকিৎসা প্রতিষ্ঠান” অর্থ সরকারি বা বেসরকারি কোন হাসপাতাল, ক্লিনিক, স্বাস্থ্য কমপ্লেক্স, স্বাস্থ্য কেন্দ্র, মাতৃ সদন ইত্যাদি;

(৭) “টিকা কেন্দ্র” অর্থ সম্প্রসারিত টিকা কর্মসূচীর কোন আউট রিচ সেন্টার (Out Reach Centre) বা এনজিও ক্লিনিক বা স্যাটেলাইট ক্লিনিক যাহা সম্প্রসারিত টিকা কর্মসূচীর উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এবং যেখানে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীগণ টিকা প্রদান কার্যক্রম পরিচালনা করেন;

(৮) “পরিচয়হীন ব্যক্তি” অর্থ যে ব্যক্তির পিতা বা মাতা বা উভয়ের নাম ও পরিচয় কিংবা আত্মীয়-স্বজন অজ্ঞাত;

(৯) “পিতা ও মাতা” বলিতে যথাক্রমে ব্যক্তির জন্মদাতা ও গর্ভধারিণীকে বুঝাইবে;

(১০) “ফরম” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম;

(১১) “ব্যুরো” অর্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(১২) “জন্ম নিবন্ধন নম্বর (জনিন)” অর্থ ১৭ অঙ্কের এমন একক পরিচিতি নম্বর যাহা প্রতিটি ব্যক্তির জন্ম নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত ক্রমানুসারে নির্ধারিত হইবে, যথা:-

ক) প্রথম ৪(চার) টি অঙ্ক জন্ম সনের গ্রেগরিয়ান সনানুসারে ৪ অঙ্কের সংখ্যা;

খ) পরবর্তী ২ অঙ্ক ব্যুরো কর্তৃক নির্ধারিত জেলা কোড, তবে দূতাবাসের ক্ষেত্রে ০০।

গ) পরবর্তী ১ (এক) অঙ্ক ব্যুরো কর্তৃক নির্ধারিত আরএমও কোড, যথা- ইউনিয়ন পরিষদের জন্য ১, পৌরসভা নয় এমন উপজেলা পরিষদ কার্যালয় যে ইউনিয়ন পরিষদের অবস্থিত ৩, পৌরসভার জন্য ২, ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ৫, সিটি কর্পোরেশনের জন্য ৯ ও দূতাবাসের জন্য ০;

ঘ) পরবর্তী ২ অঙ্ক ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে ব্যুরো কর্তৃক নির্ধারিত উপজেলা কোড, এবং পৌরসভা, সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে যথাক্রমে পৌরসভা কোড, সিটি কর্পোরেশন কোড ও ক্যান্টনমেন্ট কোড। তবে দূতাবাসের জন্য দূতাবাসটি যেই রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রের জন্য জাতিসংঘ কর্তৃক ধার্যকৃত ৩ অঙ্কের কোড।

ঙ) পরবর্তী ২ অঙ্ক ব্যুরো কর্তৃক ইউনিয়ন কোড (ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে) ও ওয়ার্ড কোড (পৌরসভা, সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে)। তবে দূতাবাসের ক্ষেত্রে কন্সুলেটসমূহের বিপরীতে স্থাপনের ধারাবাহিকতায় ১ অঙ্কের কোড।

চ) সর্বশেষ ৬ অঙ্ক ব্যক্তির ক্রমিক নম্বরের জন্য ধারাবাহিক সংখ্যা; তবে ৯৯৯৯৯৯ অতিক্রম করার পর পুনরায় ০০০০০১ হইতে শুরু হইবে।

- (১৩) “জাতীয় পরিচয়পত্র” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত নাগরিক পরিচয়পত্র;
- (১৪) “রেজিস্ট্রার জেনারেল” অর্থ আইনের ৭(ক) ধারায় বর্ণিত রেজিস্ট্রার জেনারেল বুঝাইবে;
- (১৫) “শিক্ষাগত সনদপত্র” অর্থ সরকার কর্তৃক স্বীকৃত বোর্ড কোন হইতে প্রদত্ত পাবলিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সনদপত্র;
- (১৬) “স্থানীয় সরকার প্রতিষ্ঠান” অর্থ সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ ও ক্যান্টনমেন্ট বোর্ড;
- (১৭) “স্বীকৃত ডাক্তার” অর্থ মেডিক্যাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত এমবিবিএস বা তদুর্ধ্ব ডিগ্রীধারী কর্মরত চিকিৎসক;
- (১৮) “বার্থ এটেন্ডেন্ট” অর্থ শিশুর জন্মের সময় উপস্থিত স্বীকৃত ডাক্তার, কোন চিকিৎসা প্রতিষ্ঠানে চাকুরীরত প্রশিক্ষিত নার্স বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানে তালিকাভুক্ত প্রশিক্ষিত দাই;
- (১৯) “কার্যপ্রণালি (Manual)” অর্থ রেজিস্ট্রার জেনারেল কর্তৃক প্রণীত অর্থ কম্পিউটার প্রযুক্তির সাহায্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কারিগরী পদ্ধতির বর্ণনা;
- (২০) “শিক্ষা প্রতিষ্ঠান” অর্থ আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠান বুঝাইবে;
- (২১) “সনদ” অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুসারে প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ বা মৃত্যু নিবন্ধন সনদ যাহা কার্যপ্রণালি (Manual) অনুসারে বাংলা ও ইংরেজি উভয় ভাষায় প্রদান করিতে হইবে;
- (২২) “সমাজ কর্মী” অর্থ সরকারি, বেসরকারি বা স্বায়ত্তশাসিত সমাজ সেবামূলক প্রতিষ্ঠানের কর্মী;
- (২৩) “সরকারি পরিদর্শক” অর্থ ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণ। পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সচিব স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত যুগ্ম সচিবের নিম্নে নহে এমন একজন কর্মকর্তা;
- (২৪) “স্থানীয় পরিদর্শক” অর্থ জন্ম ও মৃত্যু তথ্য যাচাইয়ের জন্য নিবন্ধক কর্তৃক নিযুক্ত পরিদর্শক;
- (২৫) “স্থায়ী ঠিকানা” অর্থ ব্যক্তির নিজের ও পিতা পিতামহের স্থাবর সম্পত্তিসহ বসবাসের ঠিকানা; অথবা নদী ভাঙ্গন বা অন্য কোন কারণে ইতোপূর্বকার স্থায়ী ঠিকানা বিলুপ্ত হওয়ায় বা ত্যাগ করায় নতুন কোন স্থানে কোন স্থাবর সম্পত্তি ক্রয় করিয়া ১২ বৎসরের অধিক সময়ের জন্য উক্ত স্থানে বসবাস করিতেছেন ও ঐ ঠিকানার বিপরীতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে করাদি পরিশোধ করিতেছেন;
- (২৬) “বর্তমান ঠিকানা” অর্থ স্থায়ী ঠিকানা নহে এমন কোন ঠিকানা যেখানে ছয় মাসের অধিক সময় বসবাস করিতেছেন বা বসবাস করিবার উদ্দেশ্যে অবস্থান করিতেছেন বা একই উদ্দেশ্যে মৃত্যুর পূর্বে বসবাস করিয়াছেন।

৩। নিবন্ধনের কতিপয় সাধারণ বিধান।-

- (১) নিবন্ধক জন্ম ও মৃত্যু নিবন্ধন কালে আবেদনকারী কর্তৃক বর্ণিত নিম্নলিখিত মৌলিক তথ্য অবশ্যই লিপিবদ্ধ করিবেন:-
- (ক) জন্ম নিবন্ধনের ক্ষেত্রে জাতকের নাম, জন্ম তারিখ, লিঙ্গ, জন্মস্থান, পিতা-মাতার কততম সন্তান, পিতা ও মাতার জন্ম নিবন্ধন নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বর সহ নাম এবং বর্তমান ও স্থায়ী ঠিকানা;
- (খ) মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে মৃত ব্যক্তির নাম, জন্ম নিবন্ধন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, মৃত্যুর তারিখ, লিঙ্গ, বয়স, মৃত্যুর স্থান, আইসিডি কোড-১০ অনুসারে মৃত্যুর কারণ, পিতা, মাতা ও স্বামী অথবা স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, সমাধি/সৎকারস্থলের ঠিকানা।
- (গ) (ক) ও (খ) উপ অনুচ্ছেদে যাহাই থাকুক না কেন কোন ব্যক্তি এতিম, পতিতা, মানসিক বা দৈহিক প্রতিবন্ধী, পিতৃ পরিচয়হীন, পরিচয়হীন বা বেদে হওয়ার কারণে নিবন্ধক তথ্যের ঘাটতির কারণে উক্ত ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন প্রত্যাখ্যান করিতে পারিবে না। এইরূপ ক্ষেত্রে যেসকল তথ্য অসম্পূর্ণ থাকিবে সেসকল স্থলে “অপ্রাপ্য” শব্দ লিখিতে হইবে। তবে আইসিডি কোড-১০ অনুসারে মৃত্যুর কারণ অবশ্যই লিখিতে হইবে।

(২) আবেদনকারী কর্তৃক ব্যক্তির নাম, জন্ম বা মৃত্যুর তারিখ, লিঙ্গ, জন্ম বা মৃত্যুস্থান, মৃত্যুর কারণ, সমাধি/সৎকারের স্থলের ঠিকানা ছাড়া প্রদত্ত অন্যান্য তথ্য অসম্পূর্ণ থাকিলে আবেদনকারী যেইরূপ বর্ণনা করিবেন, নিবন্ধক সেইরূপই লিপিবদ্ধ করিবেন। মৃত ব্যক্তি অজ্ঞাত পরিচয় হইলে পুলিশ কর্তৃক দাখিলকৃত সুরতহাল প্রতিবেদনের ভিত্তিতে নিবন্ধক মন্তব্যের কলামে মৃত ব্যক্তির শারীরিক আকৃতি প্রকৃতি বা বিশেষ চিহ্ন লিপিবদ্ধ করিবেন।

(৩) উপবিধি ২ অনুসারে নিবন্ধিত ব্যক্তির অপ্রকাশিত তথ্য যথা পিতা বা মাতা বা স্বামী অথবা স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা জ্ঞাত হইবার সঙ্গে সঙ্গে জন্ম নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তি স্বয়ং অথবা নিবন্ধিত ব্যক্তির পিতা বা মাতা এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তির পিতা বা মাতা বা স্বামী বা স্ত্রী বা পুত্র বা কন্যা বা আইনানুগ উত্তরাধিকারীগণের যে কোন একজন বা একাধিকজনের আবেদনের প্রেক্ষিতে উপযুক্ত আদালতের নির্দেশে নিবন্ধক মাত্র একবার জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ সংশোধন করিবেন।

(৪) জন্ম নিবন্ধনের পূর্বে কোন ব্যক্তি বা জন্ম গ্রহণের পরপরই কোন শিশু মৃত্যুবরণ করিলে সেইসকল ক্ষেত্রে নিবন্ধক প্রথমে জন্ম এবং পরে মৃত্যু নিবন্ধন করিবেন। মৃত ব্যক্তির পরিচয় অজ্ঞাত হইলে এই ক্ষেত্রে শুধু মৃত্যু নিবন্ধন করিবেন।

৪। নিবন্ধকের অন্যান্য দায়িত্ব।- আইনের ধারা ৬ এ বর্ণিত দায়িত্বসহ নিবন্ধক নিম্ন বর্ণিত অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

- (ক) সকল ফরম সরবরাহ নিশ্চিতকরণ;
- (খ) নিবন্ধনের জন্য প্রয়োজনীয় মালামালের স্টক নিয়ন্ত্রণ;
- (গ) নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কর্মসূচী গ্রহণ;
- (ঘ) দায়িত্ব বাস্তবায়নের জন্য তহবিল সংগ্রহকরণ এবং জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- (ঙ) নিবন্ধন অগ্রগতি মূল্যায়ন;

- (চ) কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে বা অন্যবিধ উপায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বহিতে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ;
- (ছ) নিবন্ধকের কার্যালয়ের জন্য স্থান সংকুলান;
- (জ) স্বাস্থ্যকর্মী বা পরিবার পরিকল্পনাকর্মীর নিকট জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদনপত্র বিতরণ, পূরণকৃত আবেদনপত্র সংগ্রহ এবং জন্ম সনদ বিতরণের জন্য প্রেরণ।
- (ঝ) রেজিস্ট্রার জেনারেল কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব

৫। রেজিস্ট্রার জেনারেলের দায়িত্ব ও সাধারণ ক্ষমতা।- আইনের ধারা ৭(ক)(১) অনুসারে ঢাকায় সদর দপ্তরসহ কেন্দ্রীয়ভাবে একটি 'জন্ম ও মৃত্যু নিবন্ধন অধিদপ্তর' থাকিবে যাহার প্রধান নির্বাহী কর্মকর্তার পদবী হইবে রেজিস্ট্রার জেনারেল। রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবেন এবং বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বিভাগীয় কমিশনার, পরিচালক স্থানীয় সরকার, জেলা প্রশাসক, উপপরিচালক স্থানীয় সরকার ও উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে তাঁহার ক্ষমতা প্রয়োগ করিবেন। তাঁহার উপর অর্পিত দায়িত্ব ও ক্ষমতা হইবে নিম্নরূপ:-

- (১) নিবন্ধকগণের নিকট সকল ফরম সরবরাহ নিশ্চিতকরণ;
- (২) নিবন্ধনের জন্য প্রয়োজনীয় মালামালের মজুদ সংগ্রহ, সংরক্ষণ, নিয়ন্ত্রণ ও বিতরণ;
- (৩) নিবন্ধক কার্যালয়সমূহ পরিদর্শন, আয় ব্যয় বিবরণীর অডিট;
- (৪) নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কর্মসূচী গ্রহণ;
- (৫) কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে বা অধিকতর উন্নত পদ্ধতির সাহায্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ, স্থাপন ও সংরক্ষণ এবং এতদসংক্রান্ত কার্যপ্রণালি (Manual) প্রণয়ন ও সময়ে সময়ে আধুনিকীকরণ;
- (৬) জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যাদি আদান প্রদানের জন্য বিভিন্ন দেশি ও বিদেশি সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের সাথে আন্তঃ তথ্যপ্রবাহ চুক্তি সম্পাদন ও তথ্য আদান প্রদানের জন্য কারিগরী কার্যাদি সম্পাদন;
- (৭) নিবন্ধক ও নিবন্ধক কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্ম নিবন্ধন কাজে সম্পৃক্তকরণ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- (৮) যেসকল ক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের আবশ্যিকতা রয়েছে সংশ্লিষ্ট সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান;
- (৯) বাজেট প্রণয়ন, তহবিল সংগ্রহ, বিতরণ এবং নিরীক্ষাসহ আর্থিক জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- (১০) নিবন্ধন অগ্রগতি মূল্যায়ন;
- (১১) ফি বাবদ আদায়কৃত অর্থের হিসাব সংরক্ষণ, একত্রীকরণ ও চাহিদা অনুসারে বিভিন্ন নিবন্ধক কার্যালয়ে পুনঃবিভাজন;
- (১২) নিবন্ধকগণ কর্তৃক স্বাস্থ্যকর্মী বা পরিবার পরিকল্পনা কর্মী বা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা স্বেচ্ছাসেবকের মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদনপত্র সংগ্রহ এবং সনদ বিতরণের ব্যবস্থা গ্রহণ;
- (১৩) আইনের ১৫(১) ও (২) ধারা উপধারাসমূহে বর্ণিত পদ্ধতিতে অনলাইন জন্ম নিবন্ধন পদ্ধতিতে নিবন্ধন বহি এবং জন্ম বা মৃত্যু সনদ সংশোধন করিতে কারিগরী সহায়তা প্রদান;
- (১৪) আইনের ২১ ধারায় দণ্ডনীয় কোন অপরাধ তদন্তের জন্য রেজিস্ট্রার জেনারেল তাঁহার কার্যালয়ের কোন সহকারী রেজিস্ট্রার জেনারেল বা তদুর্ধ্ব কর্মকর্তা বা বিভাগীয় কমিশনার বা জেলা প্রশাসক বা পরিচালক স্থানীয় সরকার বা উপপরিচালক স্থানীয় সরকার বা উপজেলা নির্বাহী অফিসারগণকে রেজিস্ট্রার জেনারেলের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন;
- (১৫) রেজিস্ট্রার জেনারেল অধিদপ্তর স্থাপনের সাথে সাথে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের বিলুপ্তি ঘটবে এবং কোন চুক্তি, দলিল বা চাকুরির শর্তে যাহা কিছুই থাকুক না কেন, বিলুপ্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের সকল দায় ও দায়িত্বসহ প্রকল্পের সকল কর্মকর্তা ও কর্মচারী রেজিস্ট্রার জেনারেল অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী হইবেন এবং তাঁহারা যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন সরকার কর্তৃক নিয়োগ বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত সেই শর্তে রেজিস্ট্রার জেনারেল অধিদপ্তরে চাকুরীতে নিয়োজিত থাকিবেন;
- (১৬) বিধিমালার অধীনে অপরাধ তদন্তের জন্য রেজিস্ট্রার জেনারেল বা তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত অফিসার-এর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুরূপ ক্ষমতা থাকিবে;
- (১৭) অধিদপ্তরের অধস্তন কর্মকর্তা কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন; এবং
- (১৮) এছাড়া সরকার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অপরাপর দায়িত্ব।

৬। স্থানীয় পরিদর্শকের ক্ষমতা।- (১) নিবন্ধক জন্ম ও মৃত্যু তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক স্থানীয় পরিদর্শক নিযুক্ত করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীনে নিযুক্ত স্থানীয় পরিদর্শকের নিম্নরূপ ক্ষমতা থাকিবে, যথা:-

- (ক) জন্ম বা মৃত্যু তথ্য সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসাবাদ করিবার জন্য তথ্য প্রদানকারী বা সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে তলব;
- (খ) জন্ম বা মৃত্যু তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য তথ্য প্রদানকারী বা সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যে কোন প্রয়োজনীয় দলিল বা কাগজাদি উপস্থাপন করিতে আদেশ প্রদান।

৭। তথ্য প্রদানকারী অন্যান্য ব্যক্তি।- কোন ব্যক্তির জন্মের বা মৃত্যুর সময় যেই ক্ষেত্রে আইনের ধারা ৮ এ উল্লিখিত ব্যক্তিবর্গের কেহ উপস্থিত নাই সেই ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের যে কেহ জন্মের বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে জন্ম বা মৃত্যু তথ্য নিবন্ধকের নিকট প্রেরণের জন্য দায়ী থাকিবে, যথা:-

- (ক) কোন প্রতিষ্ঠানে জন্ম বা মৃত্যুর ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি;
- (গ) কোন দালান বা বাড়িতে জন্ম বা মৃত্যুর ক্ষেত্রে উক্ত দালান বা বাড়ির মালিক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি;
- (ঘ) কোন সড়কযান, নৌযান বা আকাশযানে জন্ম বা মৃত্যুর ক্ষেত্রে উক্ত যান পরিচালনাকারী বা নিয়ন্ত্রণকারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি; এবং
- (ঙ) রাস্তায় বা উন্মুক্ত স্থানে (Public Place) জন্ম বা মৃত্যুর ক্ষেত্রে উক্ত রাস্তা বা উন্মুক্ত স্থান যেই থানার অধীন সেই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা।

৮। নিবন্ধনে সহায়তাকারী অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী।- আইনের ধারা ৯ এ উল্লিখিত কর্মকর্তা ও কর্মচারীগণ ছাড়াও রেজিস্ট্রার জেনারেল বা নিবন্ধকগণ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানের কর্মী বা স্বেচ্ছাসেবী।

দ্বিতীয় অধ্যায় জন্ম নিবন্ধন

৯। জন্ম নিবন্ধন।- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিবন্ধক নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করিয়া তাঁহার অধিক্ষেত্রে স্থায়ীভাবে বসবাসকারী বা জন্ম গ্রহণকারী ব্যক্তির জন্ম নিবন্ধন করিবেন, যথা:-

(১) ব্যক্তির জন্মের ৪৫ দিনের মধ্যে আইনের ৮ ও ৯ ধারায় এবং অত্র বিধিমালার ৭ ও ৮ বিধিতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন একজন জন্ম নিবন্ধনের জন্য আবেদন করিবেন। আবেদনপত্রের সহিত যাহা সংযুক্ত করিতে হইবে-

- (অ) যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রে তথ্য প্রদানকারী ও সনাক্তকারীর প্রত্যয়ন;
- (আ) ব্যক্তির স্থায়ী ঠিকানার প্রমাণ হিসাবে ব্যক্তির নিজের বা পিতা বা মাতা বা পিতামহ বা পিতামহীর দ্বারা স্বনামে স্থায়ী ঠিকানা হিসাবে ঘোষিত আবাসস্থলের বিপরীতে কমপক্ষে পূর্ববর্তী ৩ বৎসরের করাদি পরিশোধের প্রমাণপত্র অথবা পিতা বা মাতা বা পিতামহ বা পিতামহীর জাতীয় পরিচয় পত্র কিংবা পাসপোর্টে ঘোষিত স্থায়ী ঠিকানা বা নিবন্ধক কর্তৃক গ্রহণযোগ্য অন্যকোন প্রমাণপত্র;
- (ই) নদী ভাঙ্গন বা অন্য কোন কারণে স্থায়ী ঠিকানা বিলুপ্ত হইয়া থাকিলে নতুন স্থায়ী বসতির অনুকূলে যথাযোগ্য প্রমাণ যথা জমি বা বাড়ি ক্রয়ের দলিল, খাজনা ও করাদি পরিশোধের রশিদ, প্রভৃতি দাখিল করিলে নতুন বসতির ঠিকানা স্থায়ী ঠিকানা হিসাবে গণ্য করা যাইবে;
- (ঈ) জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণ হিসাবে সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র বা উক্ত প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত জন্ম সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি অথবা পূরণকৃত আবেদনপত্রে বার্থ এটেন্ডেন্ট-এর প্রত্যয়ন বা নিবন্ধক কর্তৃক গ্রহণযোগ্য অন্যকোন প্রমাণপত্র ; এবং
- (উ) পূর্বে জন্ম নিবন্ধন হয় নাই মর্মে আবেদনকারীর ঘোষণাপত্র।

(২) আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি সনদ প্রদানের সম্ভাব্য তারিখ উল্লেখপূর্বক তথ্য প্রদানকারীর অংশ স্বাক্ষর করিয়া উহা আবেদনকারী বা তথ্য প্রদানকারীর নিকট হস্তান্তর করিবেন।

(৩) নিবন্ধক জন্ম নিবন্ধন আবেদনপত্রটি পরীক্ষা করিয়া যদি নিশ্চিত হন যে উক্ত আবেদন পত্রের সকল প্রয়োজনীয় অংশ সঠিকভাবে পূরণ ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করা হইয়াছে এবং পূর্বে ব্যক্তির কোথায়ও জন্ম নিবন্ধন হয় নাই তাহা হইলে তিনি ব্যক্তিগত গুনানী গ্রহণ করিয়া অন্যথায় স্থানীয় পরিদর্শক দ্বারা তথ্যসমূহ যাচাই করাইয়া সন্তুষ্ট হইলে পরবর্তী কর্মদিবস হইতে ৭ কর্মদিবসের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করিয়া আবেদনকারী বা ক্ষেত্রমতে তথ্য প্রদানকারীর নিকট জন্ম নিবন্ধন সনদ হস্তান্তর করিবেন।

(৪) ব্যক্তির জন্মের ৪৫ দিন পরে আবেদন করা হইলে ব্যক্তির জন্মস্থান বা স্থায়ী ঠিকানার ইপিআই কর্মী-র মাধ্যমে জন্ম নিবন্ধন আবেদন পত্র প্রস্তুতপূর্বক আবেদনপত্রের সহিত যাহা সংযুক্ত করিতে হইবে-

- (অ) জন্মের ৪৫ দিন পরে কিন্তু ৫ বৎসরের মধ্যে আবেদন করিলে যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রে তথ্য প্রদানকারী ও সনাক্তকারী হিসাবে ইপিআই কর্মী-র প্রত্যয়ন ও ইপিআই কার্ডের অনুলিপি এবং জন্মের ৫ বৎসর পর আবেদন করা হইলে সরকারি মেডিকেল কলেজ হাসপাতালের রেডিওলোজি বিভাগ কর্তৃক বয়স প্রমাণের জন্য প্রয়োজনীয় পরীক্ষার প্রমাণপত্র;
- (আ) ব্যক্তির স্থায়ী ঠিকানার প্রমাণ হিসাবে ব্যক্তির নিজের বা পিতা বা মাতা বা পিতামহ বা পিতামহীর দ্বারা স্বনামে স্থায়ী ঠিকানা হিসাবে ঘোষিত আবাসস্থলের বিপরীতে কমপক্ষে পূর্ববর্তী ৩ বৎসরের করাদি পরিশোধের প্রমাণপত্র অথবা পিতা বা মাতা বা পিতামহ বা পিতামহীর জাতীয় পরিচয়পত্র কিংবা পাসপোর্টে ঘোষিত স্থায়ী ঠিকানা বা নিবন্ধক কর্তৃক গ্রহণযোগ্য অন্যকোন প্রমাণপত্র ;
- (ই) নদী ভাঙ্গন বা অন্য কোন কারণে স্থায়ী ঠিকানা বিলুপ্ত হইয়া থাকিলে বিলুপ্ত বসত ভিটার বা নতুন বসতির ঠিকানার অনুকূলে যথাযোগ্য প্রমাণ দাখিল করিলে নতুন বসতির ঠিকানা স্থায়ী ঠিকানা হিসাবে গণ্য করা যাইবে;
- (ঈ) জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণ হিসাবে সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র বা উক্ত প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত জন্ম সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি অথবা পূরণকৃত আবেদনপত্রে বার্থ এটেন্ডেন্ট-এর প্রত্যয়ন বা নিবন্ধক কর্তৃক গ্রহণযোগ্য অন্যকোন প্রমাণপত্র; এবং
- (উ) বিলম্বের কারণসম্মিলিত একটি লিখিত ব্যাখ্যাসহ যথাযথ কর্তৃপক্ষের নিকট সম্পাদিত আবেদনকারীর এফিডেভিট।
- (৫) আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি পরবর্তী ১ মাস পর সনদ প্রদানের সম্ভাব্য তারিখ উল্লেখপূর্বক তথ্য প্রদানকারীর অংশ স্বাক্ষর করিয়া উহা আবেদনকারী বা তথ্য প্রদানকারীর নিকট হস্তান্তর করিবেন;
- (৬) উক্ত আবেদন পত্রের সকল তথ্য ও প্রয়োজনীয় দলিলাদি এবং কেন জন্ম নিবন্ধন হয় নাই সে সম্পর্কে নিবন্ধক ব্যক্তিগত শুনানী গ্রহণ করিয়া সন্তুষ্ট হইলে আবেদনপত্রে তাহা উল্লেখ করিবেন;
- (৭) নিবন্ধক ব্যক্তিগত শুনানী গ্রহণ না করিলে বিলম্বের কারণসহ উক্ত আবেদনপত্রের তথ্যসমূহ যাচাই এর জন্য স্থানীয় পরিদর্শককে দায়িত্ব প্রদান করিবেন। স্থানীয় পরিদর্শক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সরেজমিনে অনুসন্ধানপূর্বক সত্যতা নিরূপণ করিয়া জন্ম নিবন্ধন আবেদনপত্রে প্রত্যয়ন করিবেন এবং উহা নিবন্ধকের নিকট প্রেরণ করিবেন।
- (৮) ব্যক্তির জন্মের ৬ মাস পরে আবেদন প্রাপ্ত হইলে আবেদনপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হইলে নিবন্ধক তথ্য নিবন্ধনের জন্য প্রস্তুত করিয়া তথ্য প্রযুক্তির সাহায্যে ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের এবং সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে উপপরিচালক স্থানীয় সরকারের নিকট প্রেরণ করিবেন। ব্যক্তির জন্মের ২ বৎসর পরে আবেদন প্রাপ্ত হইলে অনুরূপভাবে তা রেজিস্ট্রার জেনারেলের নিকট প্রেরণ করিবেন।
- (৯) ক্ষেত্রমতে রেজিস্ট্রার জেনারেল, উপপরিচালক স্থানীয় সরকার বা উপজেলা নির্বাহী অফিসার আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবস পরের ৩০ দিনের মধ্যে জন্ম তথ্যের সত্যতা সম্পর্কে যাচাই বাছাই করিয়া নিশ্চিত হইলে নিবন্ধনের জন্য সুপারিশ করিবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে সুপারিশ করা না হইলে আবেদনটি প্রত্যাখ্যান হইয়াছে বলিয়া গণ্য হইবে, প্রত্যাখ্যানের জন্য কোন কারণ দর্শাইতে হইবে না।
- (১০) সুপারিশ প্রাপ্তির ৩ দিবসের মধ্যে নিবন্ধক জন্ম নিবন্ধন সম্পন্ন করিয়া আবেদনকারীর নিকট সনদ প্রদান করিবেন।
- (১১) আবেদনপত্র মুদ্রিত ফরমে বা অনলাইন যে কোন পদ্ধতিতে করা যাইবে। মুদ্রিত ফরমে আবেদন করিলে নিবন্ধক তাহা কার্যপ্রণালি (Manual)তে বর্ণিত পদ্ধতি অনুসারে অনলাইনে এন্ট্রি করিবেন। অনলাইন আবেদনপত্রের ক্ষেত্রে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনকারী অনলাইন হইতে মুদ্রিত আবেদন কপি নিবন্ধকের নিকট পৌঁছাইয়া দিবেন।
- (১২) আবেদনপত্রে ব্যক্তির পূর্ণ নাম (কোনরূপ শব্দসংকোচন ব্যতিত কমপক্ষে দুইটি শব্দসম্মিলিত), জন্ম তারিখ (গ্রেগরিয়ান ক্যালেন্ডার অনুসারে), জন্ম নিবন্ধন নম্বরসহ মাতা ও পিতার নাম, মাতা-পিতার কততম সন্তান (জীবিত-মৃত সকল সন্তানকে গণনায় আনয়ন করিয়া), জন্ম স্থান, স্থায়ী ঠিকানা, জন্মকালে পিতা মাতার বসবাসের ঠিকানা (কেবলমাত্র স্থায়ী ঠিকানা হইতে ভিন্ন হইলে যাহা বর্তমান ঠিকানা বলিয়া পরিগণিত) সম্মিলিত তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে।
- (১৩) ব্যক্তির পিতা বা মাতার কেহ ২০০৬ সালের ৩ জুলাইয়ের আগে মৃত্যুবরণ করিয়া থাকিলে তাহার জন্ম নিবন্ধন নম্বর লিপিবদ্ধ করিতে হইবে না। সেক্ষেত্রে জন্ম নিবন্ধন নম্বরের স্থলে 'অপ্রাপ্য' লিখিতে হইবে।
- (১৪) জন্ম বা মৃত্যু তারিখ প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

১০। প্রবাসীদের জন্ম নিবন্ধন।- বিদেশে বাংলাদেশ দূতাবাসের নিবন্ধক নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করিয়া তাঁহার অধিক্ষেত্রে বসবাসকারী বা জন্ম গ্রহণকারী ব্যক্তির জন্ম নিবন্ধন করিবেন, যথা:-

(১) ব্যক্তির জন্মের ৪৫ দিনের মধ্যে আবেদন করা হইলে আবেদনপত্রের সহিত যাহা সংযুক্ত করিতে হইবে-

- (অ) যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রে তথ্য প্রদানকারী ও সনাক্তকারীর প্রত্যয়ন;
- (আ) ব্যক্তির স্থায়ী ঠিকানার প্রমাণ হিসাবে পিতার পাসপোর্টে বর্ণিত স্থায়ী ঠিকানার প্রমাণপত্র;

- (ই) জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণ হিসাবে সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র বা উক্ত প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত জন্ম সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি অথবা পূরণকৃত আবেদনপত্রে বার্থ এটেস্টেট-এর প্রত্যয়ন;
- (ঈ) নিবন্ধক যেইরূপ প্রয়োজন মনে করেন জন্ম ও স্থায়ী ঠিকানা বা বর্তমান ঠিকানা সংক্রান্ত সেইরূপ অন্য কোন দলিলের সত্যায়িত অনুলিপি; এবং
- (উ) পূর্বে জন্ম নিবন্ধন হয় নাই মর্মে আবেদনকারীর ঘোষণাপত্র।
- (২) ব্যক্তির জন্মের ৪৫ দিন পরে আবেদন করা হইলে আবেদনপত্রের সহিত যাহা সংযুক্ত করিতে হইবে-
- (অ) যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রে তথ্য প্রদানকারী ও সনাক্তকারীর প্রত্যয়ন;
- (আ) ব্যক্তির স্থায়ী ঠিকানার প্রমাণ হিসাবে পিতার/মাতার বা নিজের পাসপোর্টে বর্ণিত স্থায়ী ঠিকানার প্রমাণপত্র;
- (ই) জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণ হিসাবে সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র বা উক্ত প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত জন্ম সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি অথবা পূরণকৃত আবেদনপত্রে বার্থ এটেস্টেট-এর প্রত্যয়ন বা ব্যক্তির পাসপোর্টে লিখিত জন্ম তারিখ; এবং
- (ঈ) পূর্বে জন্ম নিবন্ধন হয় নাই মর্মে আবেদনকারীর ঘোষণাপত্র এবং বিলম্বের কারণসম্বলিত সাদা কাগজে একটি লিখিত ব্যাখ্যা।
- (৩) আবেদনপত্র মুদ্রিত ফরমে বা অনলাইন যে কোন পদ্ধতিতে করা যাইবে। মুদ্রিত ফরমে আবেদন করিলে নিবন্ধক তাহা কার্যপ্রণালি (Manual)তে বর্ণিত পদ্ধতি অনুসারে অনলাইনে এন্ট্রি করিবেন। অনলাইন আবেদনপত্রের ক্ষেত্রে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনকারী অনলাইন হইতে মুদ্রিত আবেদন কপি নিবন্ধকের নিকট পৌঁছাইয়া দিবেন।
- (৪) আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি সনদ প্রদানের সম্ভাব্য তারিখ উল্লেখপূর্বক তথ্য প্রদানকারীর অংশ স্বাক্ষর করিয়া উহা আবেদনকারী বা তথ্য প্রদানকারীর নিকট হস্তান্তর করিবেন।
- (৫) নিবন্ধক জন্ম নিবন্ধন আবেদনপত্রটি পরীক্ষা করিয়া যদি নিশ্চিত হন যে উক্ত আবেদন পত্রের সকল প্রয়োজনীয় অংশ সঠিকভাবে পূরণ ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করা হইয়াছে এবং পূর্বে জন্ম নিবন্ধন হয় নাই তাহা হইলে তিনি ব্যক্তিগত শুনানী গ্রহণ করিয়া সম্ভূত হইলে পরবর্তী কর্মদিবস হইতে ৭ কর্মদিবসের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করিয়া আবেদনকারী বা ক্ষেত্রমতে তথ্য প্রদানকারীর নিকট জন্ম নিবন্ধন সনদ হস্তান্তর করিবেন।

তৃতীয় অধ্যায় মৃত্যু নিবন্ধন

১১। মৃত্যু নিবন্ধন।- (১) ব্যক্তি যে নিবন্ধক কার্যালয়ে জন্ম নিবন্ধন সম্পন্ন করিয়াছেন, ব্যক্তির মৃত্যুর পর সেই নিবন্ধক কার্যালয় মৃত্যু বরণকারী ব্যক্তির মৃত্যু নিবন্ধনের আবেদন পত্র গ্রহণ করিবেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ ৩ জুলাই ২০০৬ এর পূর্বে মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধন এই আইনের আওতায় করা যাইবে না। মৃত্যু নিবন্ধন করিবার জন্য মৃত ব্যক্তির জন্ম নিবন্ধন তথ্যের অতিরিক্ত জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে), মৃত্যুর তারিখ, মৃত্যুর স্থান, আইসিডি কোড-১০ অনুসারে মৃত্যুর কারণ এবং প্রযোজ্য ক্ষেত্রে মৃত ব্যক্তির স্বামী/স্ত্রী-র নাম উল্লেখ করিতে হইবে।

(২) মৃত্যু তথ্য প্রদানকারী মৃত্যু নিবন্ধন আবেদনপত্রটি পূরণ করিয়া নিবন্ধকের নিকট প্রেরণ বা দাখিল করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন মৃত্যুর ৪৫ দিনের মধ্যে প্রেরিত বা প্রদত্ত মৃত্যু নিবন্ধন আবেদন পত্রের যথাস্থানে নিম্নবর্ণিত এক বা একাধিক প্রত্যয়ন বা দলিল সংযুক্ত থাকিতে হইবে, যথা:-

- (ক) সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠান বা চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন পত্র; অথবা
- (খ) সরকারি বা বেসরকারি স্বাস্থ্য কর্মীর প্রত্যয়ন; অথবা
- (গ) মৃত ব্যক্তির ময়না তদন্ত প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি; অথবা
- (ঘ) সংশ্লিষ্ট সমাধি/সৎকারস্থলের কেয়ারটেকার কর্তৃক প্রদত্ত দাফন বা সৎকার রসিদের সত্যায়িত অনুলিপি; অথবা
- (ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সদস্য/পৌরসভা বা সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন;
- (চ) উপর্যুক্ত ক-ঙ পর্যন্ত শর্তাবলির প্রত্যয়ন পাওয়া সম্ভব না হইলে সেই ক্ষেত্রে নিবন্ধক যেইরূপ প্রয়োজন মনে করেন মৃত্যু সংক্রান্ত সেইরূপ অন্য কোন দলিলের সত্যায়িত অনুলিপি, এবং
- (ছ) ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ।

(৪) আবেদনপত্র মুদ্রিত ফরমে বা অনলাইন যে কোন পদ্ধতিতে করা যাইবে। মুদ্রিত ফরমে আবেদন করিলে নিবন্ধক তাহা কার্যপ্রণালি (Manual)তে বর্ণিত পদ্ধতি অনুসারে অনলাইনে এন্ট্রি করিবেন। অনলাইন আবেদনপত্রের ক্ষেত্রে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনকারী অনলাইন হইতে মুদ্রিত আবেদন কপি নিবন্ধকের নিকট পৌঁছাইয়া দিবেন।

(৫) আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি মৃত্যু সনদ সংগ্রহের জন্য একটি তারিখ নির্দিষ্ট করিয়া আবেদনকারী বা তথ্য প্রদানকারীর অংশ স্বাক্ষর করিবেন এবং উহা আবেদনকারী বা তথ্য প্রদানকারীর নিকট হস্তান্তর করিবেন।

(৬) নিবন্ধক জন্ম নিবন্ধন আবেদনপত্রটি পরীক্ষা করিয়া যদি নিশ্চিত হন যে তাঁহার অধিক্ষেত্রে ব্যক্তির জন্ম নিবন্ধন সম্পন্ন হইয়াছে এবং আবেদন পত্রের সকল প্রয়োজনীয় অংশ সঠিকভাবে পূরণ ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করা হইয়াছে এবং পূর্বে মৃত্যু নিবন্ধন হয় নাই তাহা হইলে তিনি ব্যক্তিগত স্ত্রী গ্রহণ করিয়া অন্যথায় স্থানীয় পরিদর্শক দ্বারা তথ্য যাচাই করাইয়া সম্ভূত হইলে পরবর্তী কর্মদিবস হইতে ৭ কর্মদিবসের মধ্যে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করিয়া আবেদনকারী বা ক্ষেত্রমতে তথ্য প্রদানকারীর নিকট জন্ম নিবন্ধন সনদ হস্তান্তর করিবেন।

(৭) নিবন্ধকের অধিক্ষেত্রে ব্যক্তির জন্ম নিবন্ধন না হইয়া থাকিলে ব্যক্তির জন্ম নিবন্ধন যে নিবন্ধকের কার্যালয়ে সম্পাদিত হইয়াছে সুপারিশ সহকারে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করিবার জন্য উপযুক্ত সেই নিবন্ধক কার্যালয়ে আবেদনপত্রটি প্রেরণ করিবেন। ব্যক্তির কোথাও কোন জন্ম নিবন্ধন না হইয়া থাকিলে আবেদনপত্র গ্রহণকারী নিবন্ধক ব্যক্তির জন্ম নিবন্ধন সম্পন্ন করিয়া মৃত্যু নিবন্ধন করিবেন।

(৮) মৃত্যুর ৪৫ দিন পরে আবেদনপত্রে নিম্নবর্ণিত এক বা একাধিক প্রত্যয়ন বা দলিল সংযুক্ত থাকিতে হইবে, যথা:-

- (ক) সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠান বা চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন পত্র; অথবা
- (খ) সরকারি বা বেসরকারি স্বাস্থ্য কর্মীর প্রত্যয়ন; অথবা
- (গ) মৃত ব্যক্তির ময়না তদন্ত প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি;
- (ঘ) সংশ্লিষ্ট সমাধি/সৎকারস্থলের কেয়ারটেকার কর্তৃক প্রদত্ত দাফন বা সৎকার রসিদের সত্যায়িত অনুলিপি;
- (ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সদস্য/পৌরসভা বা সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন;
- (চ) নিবন্ধক যেইরূপ প্রয়োজন মনে করেন মৃত্যু সংক্রান্ত সেইরূপ অন্য কোন দলিলের সত্যায়িত অনুলিপি, এবং
- (ছ) ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ।

(৯) আবেদনপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হইলে মৃত্যু নিবন্ধনের জন্য উপযুক্ত নিবন্ধক তথ্য নিবন্ধনের জন্য প্রস্তুত করিয়া ব্যক্তির মৃত্যুর ৬ মাস পরে ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের এবং সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেটের নিকট প্রেরণ করিবেন। ব্যক্তির মৃত্যুর ২ বৎসর পরে ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে জেলা প্রশাসকের এবং সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে রেজিস্ট্রার জেনারেলের নিকট প্রেরণ করিবেন।

(১০) ক্ষেত্রমতে রেজিস্ট্রার জেনারেল, জেলা ম্যাজিস্ট্রেট বা উপজেলা নির্বাহী অফিসার আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবস পরের ৩০ দিনের মধ্যে মৃত্যু তথ্যের সত্যতা সম্পর্কে যাচাই বাছাই করিয়া নিশ্চিত হইলে নিবন্ধনের জন্য সুপারিশ করিবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে সুপারিশ করা না হইলে আবেদনটি প্রত্য্যখ্যান হইয়াছে বলিয়া গণ্য হইবে, প্রত্য্যখ্যানের জন্য কোন কারণ দর্শাইতে হইবে না।

(১১) সুপারিশ প্রাপ্তির ৩ দিবসের মধ্যে নিবন্ধক মৃত্যু নিবন্ধন সম্পন্ন করিয়া আবেদনকারীর নিকট সনদ প্রদান করিবেন।

(১২) ব্যক্তির জন্ম নিবন্ধন না থাকিলে একই সঙ্গে জন্ম ও মৃত্যু নিবন্ধন করিতে হইবে এবং যে ক্ষেত্রে সুপারিশের প্রয়োজন সে বিধি ১১ ও ১২ তে বিধৃত সংশ্লিষ্ট উপবিধিসমূহ অনুসরণ করিতে হইবে।

(১৩) উপ-বিধি (৬) এবং উপ-বিধি (৮) এর অধীন মৃত্যু নিবন্ধন আবেদন পত্রের তথ্য নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবার পর নিবন্ধক নিবন্ধন বহির যথাযথ কলামে স্বাক্ষর করিবেন, সনদ প্রস্তুত করিবেন এবং সনদের তথ্যের সহিত নিবন্ধন বহির তথ্য তুলনা করিয়া সঠিক পাইলে নিবন্ধন বহি ও সনদের যথাস্থানে স্বাক্ষর করিবেন এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১৪) সনদ বিতরণের জন্য উপ-বিধি (৪) এর অধীন নির্ধারিত তারিখে আবেদনকারী বা তথ্য প্রদানকারীর অংশ বহনকারীর নিকট হইতে উক্ত অংশ গ্রহণ করিয়া নিবন্ধক সনদটি বা উপ-বিধি (৮) এর অধীন প্রদত্ত প্রত্য্যখ্যান আদেশের অনুলিপিটি উক্ত অংশ বহনকারীর নিকট প্রদান করিবেন।

(১৫) প্রবাসে কোন বাংলাদেশীর মৃত্যু হইলে এবং মৃত ব্যক্তির জন্ম নিবন্ধন যে নিবন্ধক কার্যালয়ে সম্পাদিত সংশ্লিষ্ট বাংলাদেশী দূতাবাস সেই জন্ম নিবন্ধকের কার্যালয়ে মৃত্যু তথ্য প্রেরণ করিয়া আবেদনপত্রের প্রিন্ট কপি আবেদনকারীকে বা মৃত ব্যক্তির সঙ্গীয় কাউকে প্রদান করিবে।

১২। মৃত্যুর কারণ নির্ণয়।- স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশিকা অনুসরণ করিয়া উপযুক্ত স্বাস্থ্যকর্মী মৃত্যু নিবন্ধন আবেদন পত্রে আইসিডি-১০ কোড মৃত্যুর যথাযথ কারণ উল্লেখ করিবেন।

চতুর্থ অধ্যায়
সনদের দিনকল প্রদান

১৩। সনদের কপি প্রদান।- (১) আইন বা এই বিধিমালার অধীন অথবা রহিত কোন আইন বা বিধিমালার অধীন নিবন্ধিত কোন ব্যক্তির সনদ হারাইয়া বা নষ্ট হইয়া থাকিলে নিবন্ধক উপ-বিধি (২) ও (৩) এর বিধান সাপেক্ষে উক্ত ব্যক্তির জন্ম বা মৃত্যু সনদ দিনকল যথাক্রমে ফরম-৩ ও ফরম-৬ এর মাধ্যমে আবেদনপত্র প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রদান করিবেন।

(২) বিধি ২০ এর অধীন নির্ধারিত ফিস প্রদান সাপেক্ষে, নিম্নবর্ণিত যে কেউ জন্ম ও মৃত্যু সনদের দিনকলের জন্য যথাক্রমে ফরম ৭ এর মাধ্যমে নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবেন, যথাঃ-

- (ক) যাহার জন্য জন্ম সনদ প্রদান করা হইবে তাহার বয়স আঠার বৎসর বা তদুর্ধ্ব হইলে তিনি স্বয়ং, অথবা
- (খ) জন্ম তথ্য প্রদানকারী, অথবা
- (গ) মৃত্যু তথ্য প্রদানকারী, অথবা
- (ঘ) জন্ম বা মৃত্যু তথ্য দ্বারা সংশ্লিষ্ট ব্যক্তি।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধক যদি নিশ্চিত হন যে উক্ত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা হইয়াছে এবং ফিস প্রদান করা হইয়াছে তাহা হইলে তিনি আবেদনকারীর অংশ স্বাক্ষরপূর্বক উহা আবেদনকারীর নিকট হস্তান্তর করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক উহা অনুমোদন করিবেন, এবং সনদের দিনকল প্রস্তুত করিবেন এবং আবেদনকারীর অংশ গ্রহণ করিয়া সনদের দিনকলটি আবেদনকারীর নিকট হস্তান্তরের ব্যবস্থা করিবেন।

(৫) দিনকল সনদের উপরিভাগে দিনকল বা Duplicate শব্দটি খোদিত থাকিবে তবে প্রথম বার জন্ম নিবন্ধন সনদ যে তারিখে ইস্যু হইয়াছে দিনকল সনদেও সনদ ইস্যুর সেই তারিখই বহাল থাকিবে।

পঞ্চম অধ্যায়
রেকর্ড সংরক্ষণ, সংশোধন এবং পরিবীক্ষণ

১৪। নিবন্ধন বহি সংরক্ষণ।- (১) নিবন্ধক জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থায় এবং প্রযুক্তিগত কারণে কোন নিবন্ধকের কার্যালয়ে জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থা সম্প্রসারিত না হওয়া পর্যন্ত নিবন্ধন বহিতে জন্ম বা মৃত্যু তথ্য সংরক্ষণ করিবেন।

(২) জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থায় জন্ম ও মৃত্যু তথ্য সংরক্ষণের জন্য পৃথক নিবন্ধন বহি ব্যবহার করিতে হইবে। প্রতিটি জন্ম ও মৃত্যু নিবন্ধন বহিতে ২০০টি পৃষ্ঠা ও প্রতি পৃষ্ঠায় ১২টি লাইন থাকিবে।

(৩) নিবন্ধক প্রতিটি জন্ম বা মৃত্যু তথ্য ক্রমানুসারে ক্রমিক নম্বর প্রদানপূর্বক নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবেন যাহা নিবন্ধন নম্বর এর অংশ হিসাবে ব্যবহার করা যাইবে।

(৪) নিবন্ধক তাহার কার্যালয়ে প্রতি বৎসরের জানুয়ারি মাসে জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থায় পূর্ববর্তী বৎসরের নিবন্ধনকৃত সকল জন্ম ও মৃত্যু বহির প্রিন্টকপি বাঁধাই করিয়া জেলা রেকর্ড রুমে সংরক্ষণের জন্য প্রেরণ করিবেন।

(৫) এই বিধিমালার বিধানাবলি অনুযায়ী দাখিলকৃত ফরমগুলি নিবন্ধক বৎসরওয়ারী সাজাইয়া তাহার কার্যালয়ে উহা দাখিলের তারিখ হইতে ৩০ (ত্রিশ) বৎসর পর্যন্ত সুষ্ঠুভাবে সংরক্ষণ করিবেন এবং উক্ত সময় অতিবাহিত হইবার পর সরকারি পরিদর্শকের অনুমোদনক্রমে এবং তাহার নির্দেশনানুসারে উহা পোড়াইয়া বিনষ্ট করিতে পারিবেন।

১৫। নিবন্ধন বহি এবং জন্ম বা মৃত্যু সনদ সংশোধন ও বাতিল।- (১) আইনের ১৫ ধারায় বর্ণিত বিধানসমূহ অনুসরণপূর্বক রেজিস্ট্রার জেনারেলের নিকট হইতে কারিগরী সহায়তা গ্রহণ করিয়া জন্ম বা মৃত্যু তথ্য সংশোধন করা যাইবে।

(২) জন্ম বা মৃত্যু নিবন্ধন সনদ বাতিলের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি প্রথমে আইনের ২১ ও ২২ ধারায় উপযুক্ত আদালতে মামলা রুজু করিবেন। মামলার রায়ের ভিত্তিতে আইনের ১৫ ধারায় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১৬। ভুল তথ্য অন্তর্ভুক্তি বা তথ্য বিনষ্ট বা বিকৃতকরণে বাধা নিষেধ।- আইনের ধারা ২১ মোতাবেক যাহা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হইবে, যথা: (১) কোন ব্যক্তি নিবন্ধন বহিতে কোন ভুল তথ্য অন্তর্ভুক্ত করিলে বা করিবার চেষ্টা করিলে বা অন্তর্ভুক্ত তথ্য বিনষ্ট বা বিকৃত করিলে বা করিবার চেষ্টা করিলে;

(২) কোন নিবন্ধক বা এই বিধিমালার ১৯(২) বিধির আওতায় পাসওয়ার্ডধারী কোন ব্যক্তি নিবন্ধন বহিতে কোন ভুল তথ্য অন্তর্ভুক্ত করিলে বা করিবার চেষ্টা করিলে বা অন্তর্ভুক্ত তথ্য বিনষ্ট বা বিকৃত করিলে বা করিবার চেষ্টা করিলে;

(৩) উপবিধি (১) ও (২) এর অপরাধ সংঘটনের জন্য কোন ব্যক্তি কোন নিবন্ধক বা এই বিধিমালার ১৯(২) বিধির আওতায় পাসওয়ার্ডধারী কোন ব্যক্তিকে বাধ্য বা উৎসাহিত বা সহায়তা করিলে কিংবা উক্ত অপরাধ সংঘটনের জন্য ভয়ভীতি প্রদর্শন করিলে।

১৭। পরিসংখ্যান প্রতিবেদন।- (১) প্রতি বৎসরের জানুয়ারি, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে এই বিধিমালার সহিত সংযোজিত ফরম-৯ পূরণ করিয়া জন্ম ও মৃত্যু নিবন্ধনের পরিসংখ্যান ইউনিয়ন পরিষদ অধিক্ষেত্রের নিবন্ধকগণ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড অধিক্ষেত্রের নিবন্ধকগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট এবং সিটি কর্পোরেশন অধিক্ষেত্রের নিবন্ধকগণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(২) সকল ইউনিয়ন পরিষদ হইতে উপ-বিধি (১) এর অধীন পূরণকৃত ফরম-৯ প্রাপ্তির পর উপজেলা নির্বাহী কর্মকর্তা উক্ত পরিসংখ্যান ফরম-১০ তে একীভূত করিয়া উপ বিধি (১) এ বর্ণিত মাসের ১০ (দশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন।

(৩) সকল পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড হইতে উপ-বিধি (১) এর অধীন পূরণকৃত ফরম-৯ ও সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা হইতে উপবিধি (২) এর অধীন পূরণকৃত ফরম-১০ প্রাপ্তির পর জেলা প্রশাসক উক্ত পরিসংখ্যান ফরম-১১ তে একীভূত করিয়া উপ বিধি (১) এ বর্ণিত মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করিবেন।

(৪) রাষ্ট্রদূত ও সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ উপবিধি (১) এর অধীনে পূরণকৃত ফরম-৯ ও বিভাগীয় কমিশনারগণ উপ বিধি (৩) এর অধীন পূরণকৃত ফরম-১১ প্রাপ্তির পর উক্ত পরিসংখ্যান ফরম-১২ তে একীভূত করিয়া উপ বিধি (১) এ বর্ণিত মাসের ২০ (কুড়ি) তারিখের মধ্যে রেজিস্ট্রার জেনারেলের নিকট প্রেরণ করিবেন।

(৫) সকল রাষ্ট্রদূত, বিভাগীয় কমিশনার ও সিটি কর্পোরেশনের নিকট হইতে উপ-বিধি (৪) এর অধীন পূরণকৃত ফরম-১২ প্রাপ্তির পর রেজিস্ট্রার জেনারেল ত্রৈমাসিক পরিসংখ্যান প্রতিবেদন ফরম-১৩ প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রকাশ করিবে।

১৮। (ক) পরিদর্শন।- (১) প্রতি ৬ (ছয়) মাসে অন্ততঃ একবার সরকারি পরিদর্শক নিজ অধিক্ষেত্রের নিবন্ধকের কার্যালয় পরিদর্শন করিবেন। পরিদর্শনের ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রস্তুত করিয়া উপজেলা নির্বাহী অফিসারগণ জেলা প্রশাসকের বরাবরে এবং অপরাপরগণ স্থানীয় সরকার বিভাগের সচিব বরাবরে প্রেরণ করিবেন। সকল প্রতিবেদনের অনুলিপি রেজিস্ট্রার জেনারেলের নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিতে হইবে, যথা:-

- (ক) নিবন্ধন বহি ও অন্যান্য ফরম যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার হইতেছে কিনা;
- (খ) জন্ম বা মৃত্যুর ৪৫ দিনের মধ্যে সকল ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন করা হইতেছে কিনা;
- (গ) ইতিপূর্বের পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত পরামর্শ বাস্তবায়ন করা হইতেছে কিনা;
- (ঘ) বিধি মোতাবেক ফি আদায় এবং উহা বিধি মোতাবেক সংশ্লিষ্ট খাতে নিয়মিতভাবে জমা দেওয়া হইতেছে কিনা;
- (ঙ) জন্ম ও মৃত্যু সনদ যথাযথভাবে বিতরণ করা হইতেছে কিনা;
- (চ) ছাপানো ফরম ও নিবন্ধন বহির যোগান রহিয়াছে কিনা;
- (ছ) তথ্য প্রযুক্তির মাধ্যমে যথাযথভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালিত হইতেছে কিনা;
- (জ) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে কর্মী স্বল্পতা বা অন্য কোন সমস্যা রহিয়াছে কিনা;
- (ঝ) বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে যথাযথ বলিয়া বিবেচিত অন্য কোন বিষয়।

(৩) জেলা প্রশাসক জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কার্যক্রমের পরিদর্শন প্রতিবেদন ও বিধি ১৭ এর উপ-বিধি (১) এ প্রদত্ত পরিসংখ্যান পর্যালোচনার জন্য উপস্থাপন করিবেন।

(৪) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, জেলা প্রশাসক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অতিরিক্ত জেলা প্রশাসক ও উপপরিচালক স্থানীয় সরকার সংশ্লিষ্ট জেলাধীন যে কোন জন্ম ও মৃত্যু নিবন্ধকের কার্যালয় পরিদর্শন করিতে পারিবেন এবং উপ-বিধি (২) এ উল্লিখিত বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধককে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(খ) পরিবীক্ষণ।- সিভিল সার্জন, উপপরিচালক পরিবার পরিকল্পনা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পৌরসভার প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও ক্যান্টনমেন্ট এন্ডিকিউটিভ অফিসার মাসিক ভিত্তিতে তাঁর এলাকাধীন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীদের জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্য সংগ্রহের কার্যক্রম এবং জন্মের বা মৃত্যুর ৪৫দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন হইতেছে কিনা তাহা পরিবীক্ষণ ও নিশ্চিত করিবেন।

ষষ্ঠ অধ্যায়

তথ্য প্রযুক্তির মাধ্যমে জন্ম ও মৃত্যু তথ্য সংরক্ষণ ও প্রেরণ

১৯। তথ্য প্রযুক্তির মাধ্যমে জন্ম বা মৃত্যু তথ্য সংরক্ষণ, গোপনীয়তা, সরবরাহ ইত্যাদি- (১) তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ থাকিলে আইনের ধারা ১৪ (৩) এ প্রদত্ত ক্ষমতা বলে নিবন্ধক নিজ অধিক্ষেত্রে সনাতন নিবন্ধনবহির স্থলে তথ্য প্রযুক্তির মাধ্যমে জন্ম বা মৃত্যু তথ্য লিপিবদ্ধ করিবেন।

- (ক) তথ্য প্রযুক্তির মাধ্যমে জন্ম বা মৃত্যু নিবন্ধন করার জন্য স্থানীয় সরকার বিভাগের সহায়তায় রেজিস্ট্রার জেনারেল সফটওয়্যার নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করিবে এবং তৈরীকৃত সফটওয়্যারের মাধ্যমে জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্যসমূহ একটি কেন্দ্রীয় তথ্যভাণ্ডারে সংরক্ষণ করিবে।
- (খ) সফটওয়্যারটি ব্যবহারের জন্য রেজিস্ট্রার জেনারেল বিভিন্ন ধরনের ব্যবহারকারী যেমন: Administrator, Local Administrator, Registrar, Authorised Person, Data entry operator, Informant, Statistical Data Viewer, Support team member প্রভৃতি সৃজন করিতে ও তাহাদের অনুকূলে পাসওয়ার্ড প্রদান করিবে এবং তাহাদের কার্যপদ্ধতি রেজিস্ট্রার জেনারেল কর্তৃক প্রণীত কার্যপ্রণালি (Manual) অনুযায়ী পরিচালিত হইবে।
- (গ) নিবন্ধক তাঁহার কার্যালয়ে নিয়মিত বেতন কাঠামোর আওতায় চাকুরীরত কোন কর্মকর্তা বা কর্মচারীর অনুকূলে রেজিস্ট্রার জেনারেলের নিকট হইতে Authorised Person হিসাবে 'ব্যবহারকারী পরিচিতি' ও 'পাসওয়ার্ড' পাইবেন, যাহার সাহায্যে উক্ত কর্মকর্তা কর্মচারী সফটওয়্যারটিতে প্রবেশ করিয়া জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক কার্যাদি সম্পন্ন করিতে পারিবেন।
- (ঘ) Data entry operator বা Informant হিসাবে নিবন্ধকের চাহিদা অনুযায়ী তাঁহার কার্যালয়ে বা অধিক্ষেত্রে এক বা একাধিক ব্যক্তিকে 'ব্যবহারকারী পরিচিতি' ও 'পাসওয়ার্ড' প্রদান করা হইবে যাহারা কেবলমাত্র জন্ম তথ্য প্রদানের এখতিয়ারসম্পন্ন হইবেন।
- (ঙ) ই-স্বাক্ষর পদ্ধতি চালু হইলে জন্ম বা মৃত্যু তথ্য লিপিবদ্ধ হইবার পর নিবন্ধক তাঁহার অনুকূলে প্রদেয় Registrar এর 'ব্যবহারকারী পরিচিতি' ও 'পাসওয়ার্ড' ব্যবহার করিয়া ই-স্বাক্ষর প্রদানপূর্বক সনদ প্রিন্ট করিবেন। নিবন্ধক তাঁহার কার্যালয়ের অপরাপর পাসওয়ার্ডধারীদের উপর ন্যস্ত দায়িত্ব ও পালন করিবার অধিকারী হইবেন তবে নিবন্ধক ব্যতিত নিবন্ধক কার্যালয়ের অপরাপর কোন কর্মকর্তা কর্মচারী সনদ প্রিন্ট করিবার সুযোগ লাভ করিবে না।
- (চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন সহকারী সচিব বা তদূর্ব পদমর্যাদার কর্মকর্তা বাংলাদেশ মিশনসমূহের জন্য এবং জেলা প্রশাসক কার্যালয়ের উপপরিচালক স্থানীয় সরকার ও উপজেলা নির্বাহী অফিসার স্ব স্ব অধিক্ষেত্রে Local Administrator হিসাবে দায়িত্ব পালন করিবেন।
